সচিবালয়, পলিসি শাখা
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

বিষয়ঃ- নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

০১। ১৪/১২/২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ০৮/২০২২তম নির্বাহী কমিটির সভার নিম্নোক্ত স্মারকের সংশ্লিষ্ট সিদ্ধান্ত/সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন/বর্তমান অবস্থার প্রতিবেদন সংযুক্ত ছকে আগামী ০২/০১/২০২৩খ্রিঃ তারিখ সোমবার বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ/উঃ অঃ/দঃ অঃ/পূঃ অঃ/পঃ অঃ)/এমপিএসএস/সিস্টেম অপারেশন (কেঃ অঃ)/জনসংযোগ পরিদপ্তর মহোদয়-কে অনুরোধ জানানো যেতে পারে।

| বিষয় | স্মারক নং |
|---|---|
| সেচ সংযোগ প্রদান সম্পর্কিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও প্রসারের লক্ষ্যে সেচ কার্যক্রম প্রচার-প্রচারণার বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রসঙ্গে। | স্মারক নং- ২৬, তারিখঃ ১৮-১২-২০২২খ্রিঃ। |

সচিবালয়, বাপবিবোর্ড
ডাইরী নং 289
তারিখ: 29/12/22

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

29/12/2022
(কাকলী আক্তার)
সহকারী সচিব (পলিসি)

29/12/2022
উপ-সচিব (পলিসি)
(রোজিনা আক্তার সাথী)
উপ-সচিব (পলিসি)

29/12/22
সচিব
(মোঃ শামীম আহসান)
সচিব, বাপবিবোর্ড

পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ)
ডাক নং ০২
তাং ০১/০১/২০২৩

পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ/উঃ অঃ/দঃ অঃ/পূঃ অঃ/পঃ অঃ)

পরিচালক (এমপিএসএস)

পরিচালক, সিস্টেম অপারেশন (কেঃ অঃ)

পরিচালক (জনসংযোগ)

# নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন বিবরণী

| ক্রমিক নং | নির্বাহী কমিটির সভা/নং ও তারিখ | সিদ্ধান্ত নম্বর | বিষয় | সচিবালয় কর্তৃক সিদ্ধান্ত জারীর তারিখ | সিদ্ধান্ত বাস্তবায়ন কারী দপ্তর/পরিদপ্তর/কর্মকর্তার নাম | সিদ্ধান্ত বাস্তবায়নের তারিখ | সিদ্ধান্ত বাস্তবায়ন না হলে তার কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | ০৮/২০২২ তম সভা তারিখ: ১৪/১২/২০২২ | ০৩/০৮/২০২২ | সেচ সংযোগ প্রদান সম্পর্কিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও প্রসারের লক্ষ্যে সেচ কার্যক্রম প্রচার-প্রচারণার বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রসঙ্গে। | ১৪-১২-২০২২ | ১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ/উঃ অঃ/দঃ অঃ/পূঃ অঃ/পঃ অঃ) পরিদপ্তর<br>২। পরিচালক (এমপিএসএস)<br>৩। পরিচালক, সিস্টেম অপারেশন (কেঃ অঃ)<br>৪। পরিচালক (জনসংযোগ) | | | |

সচিবালয়, পলিসি শাখা
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন : ০২-৮৯০০৩১৫
ই-মেইল:secyreb@gmail.com

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ

ISO 9001, ISO 14001& ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

স্মারক নং-২৭.১২.০০০০.০৩০.৭১.০০৮.২২.২৬

তারিখঃ ০৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ / ১৮ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**"নির্বাহী কমিটির সিদ্ধান্ত"**

বর্তমান বৈশ্বিক সংকটময় পরিস্থিতিতে কৃষি উৎপাদন বৃদ্ধি করার মাধ্যমে খাদ্য সংকট মোকাবেলায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিক খাত হচ্ছে কৃষি খাত। খাদ্য-শস্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে খাদ্য ও কৃষির উৎপাদন বাড়াতে সেচ সংযোগকে বেগবান/গতিশীল ও সহজীকরণ করা এবং সেচ সংক্রান্ত কার্যক্রমের বহুমুখী প্রচারণা সংক্রান্ত বিষয়ে নির্বাহী কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত নিম্নরুপঃ

ক) নতুন সেচ সংযোগ প্রত্যাশি গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে দ্রুততম সময়ের মধ্যে সেচ সংযোগ প্রদান করতে হবে। এছাড়া যে সকল সেচ গ্রাহক পুনঃসংযোগের আবেদন করবেন তাদের ২৪ ঘণ্টার মধ্যে পুন:সংযোগ প্রদান করতে হবে। নতুন সেচ সংযোগ/পুনঃসংযোগ প্রদানের ক্ষেত্রে সেচ সংযোগ নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সংযোগ দেওয়া হচ্ছে কিনা তা মনিটরিং করতে হবে। **সংশ্লিষ্ট মনিটরিং পরিদপ্তর এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

খ) সেচ সংযোগ সংক্রান্ত কার্যাবলির যথাযথভাবে পূর্ব প্রস্তুতিগ্রহণ এবং উপকেন্দ্র ও লাইন নির্মাণ রক্ষণাবেক্ষণ করার লক্ষ্যে নিম্নলিখিত কার্যব্যস্থা গ্রহণ করতে হবেঃ

i) আসন্ন সেচ, পবিত্র মাহে রমজান ও গ্রীষ্ম মৌসুম প্রায় একই সময় শুরু হবে বিধায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে সার্বিক লোড ব্যবস্থাপনায় বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। সেলক্ষ্যে সমিতির বিদ্যমান উপকেন্দ্র এবং লাইন নির্মাণ সংক্রান্ত রক্ষণাবেক্ষণ কার্যাবলির ১৫ ডিসেম্বর' ২০২২ হতে ১৫ জানুয়ারি' ২০২৩ পর্যন্ত সময়কালীন একটি রক্ষণাবেক্ষণ সিডিউল প্রণয়নপূর্বক নির্ধারিত ছকে পল্লী বিদ্যুৎ সমিতি হতে তথ্য সংগ্রহ করতে হবে।

ii) পল্লী বিদ্যুৎ সমিতি হতে তথ্য প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক একটি পূর্ণাঙ্গ মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করতঃ তা পত্রের মাধ্যমে বিদ্যুৎ বিভাগকে অবহিত করতে হবে। মাঠপর্যায়ে কৃষিবিভাগ, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/বিভাগের সাথে সমন্বয় করে কাজ করতে হবে এবং নিজেদের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে মতবিনিময় করতে হবে।

**প্রধান প্রকৌশলী (পওপ/প্রকল্প), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ/পরিকল্পনা ও ডিজাইন) এবং পরিচালক, সিস্টেম অপারেশন (কেঃ অঃ) পরিদপ্তর এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

গ) দ্রুততম সময়ে সেচ সংযোগ প্রদানের জন্য সমিতিসমূহে প্রয়োজনীয় মালামাল সরবরাহ করতে হবে। সে ক্ষেত্রে মালামাল সরবরাহ করার পূর্বে সমিতিসমূহে কি পরিমাণ মালামাল (পোল, মিটার ও ট্রান্সফরমার ইত্যাদিসহ অন্যান্য সেচ সংশ্লিষ্ট) মজুদ রয়েছে এবং কোন কোন মালামালের চাহিদা রয়েছে সে সম্পর্কিত তথ্য **পরিচালক (এমপিএসএস)** কর্তৃক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারগণের নিকট হতে সংগ্রহ করবেন। এছাড়া ক্রয় কার্য সম্পাদনের বিষয়েও **পরিচালক (এমপিএসএস) প্রয়োজনীয় কার্যব্যস্থা গ্রহণ করবেন।**

ঘ) যে সকল সমিতিতে মালামাল উদ্বৃত্ত রয়েছে সে সকল সমিতি হতে উদ্বৃত্ত মালামাল যে সকল সমিতিতে মালামালের ঘাটতি রয়েছে সে সকল সমিতিতে দ্রুততর সময়ে বরাদ্দ প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। **পরিচালক (এমপিএসএস) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যস্থা গ্রহণ করবেন।**

ঙ) সেচ গ্রাহকদের অভিযোগ নিরসনের লক্ষ্যে অভিযোগ কেন্দ্রগুলোতে **'সেচ Help Desk'** চালু করতে হবে এবং **'সেচ Help Desk'** সর্বদা কার্যকর রাখতে হবে। **'সেচ Help Desk'**-এ আসা অভিযোগগুলো যথাযথভাবে রেজিস্টারে লিপিবদ্ধ করত: ২৪ ঘণ্টার মধ্যে নিরসন করতে হবে। এছাড়া **বাপবিবো এবং পবিসের সেচ বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ** কর্তৃক **'Hotline'** সর্বদা কার্যকর রাখা এবং অভিযোগ কেন্দ্রগুলোকে সেচের কার্যক্রমে অধিকতর Active রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **সংশ্লিষ্ট মনিটরিং পরিদপ্তর কর্তৃক এ সংক্রান্ত কার্যক্রম মনিটর করতে হবে।**

চ) সেচ সংক্রান্ত কার্যক্রমকে সহজতর, গতিশীল এবং প্রচারণা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিম্নলিখিত কার্যব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

i) পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএমগণ কর্তৃক স্ব-স্ব সমিতির আওতাধীন এলাকার সেচ গ্রাহকদের নিয়ে নিয়মিত উঠান বৈঠক করতে হবে;

ii) সেচ সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি সম্পর্কে অবহিত ও সচেতনতা বৃদ্ধি/উৎসাহিত করার লক্ষ্যে সময় সময় গ্রাহকগণের মুঠোফোনে SMS (ক্ষুদে বার্তা) পাঠাতে হবে;

iii) পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম/এজিএমগণ কর্তৃক জেলা/উপজেলা সেচ কমিটির সাথে স্থায়ীভাবে Network build up করতে হবে/নিয়মিত যোগাযোগ রাখতে হবে। এছাড়া অন্যান্য সেচ সংযোগ প্রদানকারী বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠান যথা- **পিডিবি/নেসকো/ওজোপাডিকো** এর সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে;

iv) সেচ প্রবণ সকল সমিতির সিজিএম/জিএম/ডিজিএমগণ কর্তৃক মাসে অন্তত একবার স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি এবং সাংবাদিকদের নিয়ে এখন থেকেই সভা আয়োজন করবেন এবং উক্ত সভায় পবিসের কর্মকর্তাগণের সক্রিয় ভূমিকা পালন করতে হবে;

v) সেচ সংক্রান্ত উঠান বৈঠক এবং সেচ সংযোগ সম্পর্কিত অন্যান্য কার্যক্রম ৮০টি সমিতির স্থানীয় পত্রিকা/ডিস চ্যানেল, সোশ্যাল মিডিয়ায় এবং স্ব-স্ব সমিতির ওয়েব সাইটে সময় সময়ে হালনাগাদ তথ্য (অগ্রাধিকার ভিত্তিতে) প্রচার অব্যাহত রাখতে হবে।

**সদস্য (সমিতি ব্যবস্থাপনা), নির্বাহী পরিচালক এবং পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ/উঃ অঃ/দঃ অঃ/পূঃ অঃ/পঃ অঃ) পরিদপ্তর এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যস্থা গ্রহণ করবেন।**

ছ) সেচ সংক্রান্ত উঠান বৈঠক এবং সেচ সংযোগ প্রদান সম্পর্কিত বাপবিবো কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম জাতীয় দৈনিক পত্রিকা/টিভি চ্যানেল, সোশ্যাল মিডিয়া এবং ওয়েব সাইটে প্রচার করতে হবে। এছাড়াও অন্যান্য সকল যোগাযোগ মাধ্যমসহ WhatApps Group-এ সময় সময়ে হালনাগাদ তথ্য (অগ্রাধিকার ভিত্তিতে) প্রচার অব্যাহত রাখতে হবে। **পরিচালক (জনসংযোগ) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যস্থা গ্রহণ করবেন।**

জ) বাপবিবো কর্তৃক গৃহীত সেচ সংক্রান্ত কার্যক্রম নিয়ে Pamphlet (দুই পাতা বিশিষ্ট) প্রণয়নপূর্বক তা ছাপিয়ে গ্রাহক পর্যায়ে বিতরণ করতে হবে। **পরিচালক (জনসংযোগ) এবং পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যস্থা গ্রহণ করবেন।**

১৪/১২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর নির্বাহী কমিটির ০৮/২০২২ তম সভায় গৃহীত সিদ্ধান্ত নং-০৩/০৮/২০২২ এর ভিত্তিতে এ আদেশ জারী করা হলো।

২৮/১২/২২

(মোঃ শামীম আহসান)
সচিব
বাপবিবো, ঢাকা।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নির্বাহী পরিচালক/প্রধান প্রকৌশলী (পওপ/প্রকল্প) বাপবিবো, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ/পরিকল্পনা ও ডিজাইন) বাপবিবো, ঢাকা।
৩। পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা/এমপিএসএস/সিস্টেম অপারেশন (কেঃ অঃ)/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ/উঃ অঃ/দঃ অঃ/পূঃ অঃ/পঃ অঃ)/জনসংযোগ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৫। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা।

২৮/১২/২০২২

(কাকলী আক্তার)
সহকারী সচিব (পলিসি)